গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী প্রগতি কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা
http://www.pppbd.org

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৩৬.১৪.৪৬৯.১২-১৫৭৩ তারিখঃ ০৮/০৬/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ পল্লী প্রগতি কর্মসূচির গ্রাম সংগঠকদের স্যালারী সাপোর্ট প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী প্রগতি কর্মসূচির সুফলভোগীদের জমাকৃত সঞ্চয়ের অর্থ যে সকল উপজেলায় এফডিআর হিসেবে রয়েছে, সে সকল উপজেলায় এফডিআর হতে প্রাপ্ত সুদ থেকে সুফলভোগীদেরকে নির্ধারিত হারে প্রদান করার পর অবশিষ্ট সুদের অংশ অব্যয়িত অবস্থায় ব্যাংকে রয়েছে। গ্রাম সংগঠকদের বেতন/ভাতা সংকটের বিষয়টি বিবেচনায় রেখে এবং কর্মসূচির ঋণ কার্যক্রমে গতিশীলতা সৃষ্টির লক্ষ্যে কর্মসূচির নীতি নির্ধারণী কমিটির সভার সিদ্ধান্তের আলোকে সুফলভোগীদের জমাকৃত সঞ্চয়ের এফডিআর এর প্রাপ্ত সুদ থেকে সুফলভোগীদেরকে নির্ধারিত হারে প্রদান করার পর সুদের অবশিষ্ট অংশ হতে ১% সংশ্লিষ্ট ঋণ আদায়কারী গ্রাম সংগঠককে তাঁর কার্যক্রমের সন্তোষজনক অগ্রগতির ভিত্তিতে বেতন/ভাতার ঘাটতি পুরণার্থে স্যালারী সাপোর্ট হিসেবে প্রদান করা যাবে- যা ১ লা মে/২০২২ হতে কার্যকর হবে।

০৮/০৬/২০২২
মোঃ আলাউদ্দিন সরকার
কর্মসূচি পরিচালক

উপপরিচালক (সকল)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
...................................... জেলা ।

**অনুলিপি ঃ**

১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, .................................. উপজেলা, ................................ জেলা।
৩। অফিস কপি

E:\ASHRAF_WD\word\Letter_2022\letter D_ january_22.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী প্রগতি কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা
http://www.pppbd.org

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৩৬..১৪.৪৬৯.১২(২)- ১৫৭৪ তারিখঃ ০৮/০৬/২০২২ খ্রিঃ

বিষয়ঃ পল্লী প্রগতি কর্মসূচি হতে বিআরডিবি'র মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সম্মানী/উৎসাহ ভাতা প্রদান।

(১) সূত্র ঃ কর্মসূচির স্মারক নং- ৬৩১ (৬৪), তারিখ : ০৮/০৭/২০১৮ খ্রি।
(২) সূত্র ঃ কর্মসূচির স্মারক নং -০২২, তারিখ : ১৫/০১/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী প্রগতি কর্মসূচি'র মূল লক্ষ্য হচ্ছে পল্লী অঞ্চলে আয় উৎসারী বিনিয়োগ বৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টি। এ লক্ষ্য অর্জনে বিআরডিবি'র জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ দায়িত্বশীলতার সাথে নিরলসভাবে অবদান রেখে চলেছেন। এ অবদানের স্বীকৃতি এবং ক্রমাগত কর্মপ্রেরণা বৃদ্ধির নিমিত্ত জেলার উপপরিচালকগণের এবং উপজেলা পর্যায়ের উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, জুনিয়র অফিসার (হিসাব)গণকে সম্মানি/উৎসাহ ভাতা প্রদানে সূত্রোক্ত স্মারকদ্বয়ে অনুমোদন রয়েছে।

২। কর্মসূচির কার্যক্রমে গতিশীলতা আনয়নের ক্ষেত্রে জেলা দপ্তরের জুনিয়র অফিসার (হিসাব)গণের দায়িত্বশীলতা ও কর্ম তৎপরতার বিষয়টি বিবেচনায় নীতি নির্ধারণী কমিটির সিদ্ধান্তের আলোকে জেলা দপ্তরের জুনিয়র অফিসার(হিসাব)গণকে মাসিক সম্মানি/উৎসাহ ভাতা ওভারহেড খাতের অংশ হতে সর্বোচ্চ ৫০০/- টাকা নির্ধারন করা হলো। জেলা দপ্তরের জুনিয়র অফিসার (হিসাব) এ ভাতা জানুয়ারী/২০২২ হতে গ্রহণ করতে পারবেন।

৩। এমতাবস্থায়, সূত্রোস্থ স্মারকদ্বয় ও নীতি নির্ধারণী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের জন্য পল্লী প্রগতি কর্মসূচির আদায়কৃত সেবামূল্যের ওভারহেড খাতের অংশ হতে মাসিক সম্মানি/উৎসাহ ভাতা গ্রহণের পরিমাণ নিম্নরূপভাবে পুণ:উল্লেখ করা হলো ঃ-

| ক্র: নং | পদবী ও কর্মস্থল | সম্মানি/উৎসাহ ভাতার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপপরিচালক, জেলা দপ্তর | সর্বোচ্চ ১০০০/- | জুলাই/২০১৮ হতে কার্যকর |
| ০২ | জুনিয়র অফিসার (হিসাব), জেলা দপ্তর | সর্বোচ্চ ৫০০/- | জানুয়ারী/২০২২ হতে কার্যকর |
| ০৩ | ইউআরডিও, উপজেলা দপ্তর | সর্বোচ্চ ৮০০/- | জুলাই/২০১৮ হতে কার্যকর |
| ০৪ | এআরডিও, উপজেলা দপ্তর | সর্বোচ্চ ৭০০/- | জুলাই/২০১৮ হতে কার্যকর |
| ০৫ | জুনিয়র অফিসার (হিসাব), উপজেলা দপ্তর | সর্বোচ্চ ৫০০/- | জানুয়ারী/২০১৭ হতে কার্যকর |

08/06/2022
মোঃ আলাউদ্দিন সরকার
কর্মসূচি পরিচালক

উপ-পরিচালক (সকল)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
জেলা: ............................ ।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ**

১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, .............................. উপজেলা, ....................................... জেলা।
৩। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ................................ উপজেলা, ....................................... জেলা।
৪। জুনিয়র অফিসার (হিসাব), বিআরডিবি, ...................................................... ।
৫। অফিস কপি।

E:\ASHRAF_WD\word\Letter_2022\letter D_ january_22.doc